



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-বিঅ-৬/৭২৬৫/২৪৮

তারিখ : ০৯-০৬-২০২২ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে

স্তু : বিগত ০৬-০৫-২০২২ খ্রি. তারিখে আধা-সরকারি পত্র নং-৮২ বিনাইদহ-২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিনাইদহ জেলার সদর উপজেলাধীন “লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়” ১৯-০৪-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৭২৬৫/৪৯৬ নং স্মারক পত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করে এতেক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য মাননীয় সংসদ সদস্য বিনাইদহ-০২, জনাব তাহজীব আলম সিদ্দিকী সুপারিশ করেছেন। উল্লেখ্য, প্রধান শিক্ষক ১৬০৮১ নং আইডিতে ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য আবেদন দাখিল করলে ১৬১৩৬ নং আইডিতে জনাব মোহাম্মদ আলী অভিযোগ দাখিল করেন। উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ-কে তদন্তের জন্য পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদনে দাতা সদস্যের বিষয়ে, ভোটার তালিকা প্রণয়নের বিষয়ে, নির্বাচনের তফসিল প্রচারের বিষয়ে অভিযোগ প্রমাণিত হয় নাই। অধিকতর তদন্তের জন্য জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ-কে দাতা সদস্যের জমাকৃত অর্থের হিসাব বিবরণীতে তারিখ চেম্পারিং এর বিষয়ে তদন্তের জন্য ২৭-১২-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৭২৬৫/৪৩১ নং স্মারকে পত্র দেয়া হয়। জেলা শিক্ষা অফিসারের তদন্ত প্রতিবেদনে দাতা সদস্যের বিষয়ে টেক্সারিং এর বিষয়টি সঠিকতা যাচাই করতে পারেননি। তবে তিনি উল্লেখ করেছেন, প্রতিষ্ঠানটির স্বার্থে কমিটি সংক্রান্ত জটিলতা নিরসন করা আবশ্যিক। আরও উল্লেখ করা যায় যে, সম্পূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় সদস্যদের ভোটে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে জনাব এনামুল হক এনাম সভাপতি নির্বাচিত হয়েছেন। সভাপতি নির্বাচিত হওয়ার জন্য দাতা সদস্য হওয়া প্রবিধান অনুযায়ী পূর্বশর্ত নয়। প্রবিধান-২০০৯ এর ৮(৩) ধারা অনুযায়ী সভাপতি নির্বাচিত হতে পারে। বিষয়টি নির্দেশক্রমে আপনাকে অবহিত করা হলো।

জনাব তাহজীব আলম সিদ্দিকী  
 মাননীয় সংসদ সদস্য-৮২  
 বিনাইদহ-০২

১৪৮০  
 (ড. বিশ্বাস শাহিন আহমদ)  
 বিদ্যালয় পরিদর্শক  
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
 যশোর  
 ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নং-বিঅ-৬/৭২৬৫/২৪৮(১-৬)  
 অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (প্রাচী বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রধান শিক্ষক, লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়, রতনহাট, বিনাইদহ সদর, বিনাইদহ।
- ৬। সংরক্ষণ নথি।

০৭-০৬-২০২২

বিদ্যালয় পরিদর্শক  
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
 যশোর

০৯/৬/১২